# সোয়াদ | □□d | ص

আয়াতঃ ৩৮ : ৭১

## আরবি মূল আয়াত:

اِذۡ قَالَ رَبُّكَ لِلۡمَلٰٓئِكَۃِ اِنِّیۡ خَالِقٌۢ بَشَرًا مِّنۡ طِیۡنٍ ﴿۷۱﴾

## অনুবাদসমূহ:

স্মরণ কর, যখন তোমার রব ফেরেশতাদের উদ্দেশ্যে বলেছিলেন, ‘আমি মাটি হতে মানুষ সৃষ্টি করব।’ — আল-বায়ান

স্মরণ কর, যখন তোমার প্রতিপালক ফেরেশতাদেরকে বললেন- আমি কাদা থেকে মানুষ সৃষ্টি করতে যাচ্ছি। — তাইসিরুল

স্মরণ কর, তোমার রাব্ব মালাইকা/ফেরেশতাদেরকে বলেছিলেনঃ আমি মানুষ সৃষ্টি করছি কর্দম হতে। — মুজিবুর রহমান

[So mention] when your Lord said to the angels, "Indeed, I am going to create a human being from clay. — Sahih International

৭১. স্মরণ করুন, যখন আপনার রব ফেরেশতাদেরকে বলেছিলেন, আমি মানুষ সৃষ্টি করছি কাদা থেকে,

-

তাফসীরে জাকারিয়া

(৭১) স্মরণ কর, যখন তোমার প্রতিপালক ফিরিশতাদেরকে বলেছিলেন,[1] ‘নিশ্চয় আমি মাটি হতে মানুষ সৃষ্টি করব। [2]

[1] এ ঘটনাটি ইতিপূর্বে সূরা বাক্বারা ৩০-৩৪, আ’রাফ ১১, হিজর ২৮-৩১, বানী ইস্রাঈল ৬১ ও কাহফ ৫০নং আয়াতে বর্ণিত হয়েছে। এখানেও তা সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হচ্ছে।

[2] অর্থাৎ, একটি মানুষ সৃষ্টি করব। بَشَر মানে স্পর্শ করা, মিলানো। সর্বদা ভূপৃষ্ঠের সাথে মিলিত হয়ে থাকার জন্য মানুষকে ‘বাশার’ বলা হয়েছে। অর্থাৎ পৃথিবীর সাথেই তার সমস্ত সম্পর্ক এবং সব কিছুই সে পৃথিবীতেই করে থাকে। অথবা মানুষ হল بادى البشرة অর্থাৎ, তার দেহ বা মুখমন্ডল প্রকাশ হয়ে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন